



# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

## DHAKA SOUTH CITY CORPORATION

আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার কার্যালয়, অঞ্চল-১, নগর ভবন, ঢাকা।

ফোন : +৮৮০-২-৯৫৫৮৪৫৩

www.dscc.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং: ৪৬.২০৭.০০০.২৫.১৩.২০২০.৪৫১

তারিখ ২১ শ্রাবণ, ১৪২৭  
০৫ আগস্ট, ২০২০

বিষয়ঃ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, অঞ্চল-১ এর আওতাধীন ইজারায়োগ্য নিউ মার্কেট কার পার্কিং সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পত্তি বিভাগ কর্তৃক সম্পাদন প্রসঙ্গে।

সূত্রঃ অঞ্চল-১ এর আঞ্চলিক পাবলিক কার পার্কিং ইজারা কমিটির সভার কার্যবিবরণীর স্মারক নং- ৪৬.২০৭.০০০.২৫.১৩.২০২০.৪৪৮, তারিখঃ ০৪/০৮/২০২০খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ২৮/০৭/২০২০ খ্রি. তারিখ মাননীয় মেয়র মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অঞ্চল-১ এর আওতাধীন ১৮নং ওয়ার্ডস্থ ইজারায়োগ্য ঢাকা নিউ মার্কেট কার পার্কিং ইজারা / পরিচালনার সার্বিক কার্যক্রম ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্পত্তি বিভাগ কর্তৃক সম্পাদন করার মৌখিক নির্দেশনার পরিপ্রেক্ষিতে আঞ্চলিক কার পার্কিং টেন্ডার কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত কার পার্কিং এলাকার ইজারা প্রদানসহ আনুসঙ্গিক সকল কার্যক্রম ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্পত্তি বিভাগে হস্তান্তরের চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়। ঢাকা নিউ মার্কেট কার পার্কিং সংক্রান্ত নথি এবং ইজারার জামানত হিসেবে সংরক্ষিত পে-অর্ডারটি (পে-অর্ডার নং-পিও ইউবিএল ৯৯১৭৬৬১, তাং- ২৮/১২/২০১৯, উত্তরা ব্যাংক লিমিটেড, পিলখানা, ঢাকা, টাকা = ১,৯২,৪০০/-) টাকা মাত্র।

উল্লেখ্য যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মালিকানাধীন ১৮নং ওয়ার্ডস্থ (ক) ঢাকা নিউ মার্কেট কমপ্লেক্স ১নং গেইট (উত্তর-দক্ষিণ) রাস্তার উভয় পাশ, (খ) নিউ মার্কেট পশ্চিম দেয়াল যেখানে রাস্তার খালি জায়গায় এবং (গ) পোস্ট অফিস থেকে চন্দ্রিমা মার্কেট পর্যন্ত প্যারালাল (যেখানে যে অবস্থায় আছে) কার পার্কিং এলাকাটি পূর্বে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্পত্তি বিভাগ হতে ইজারা প্রদান / পরিচালনা করা হতো। নথিদৃষ্টে দেখা যায় ২০১২ সাল হতে অঞ্চল-১ হতে প্রতি বছর উন্মুক্ত দরপত্র আহ্বানের ভিত্তিতে ইজারা কমিটির সুপারিশের ভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ক্রমে ইজারার কার্যদেশ প্রদান করা হয়। উক্ত কার পার্কিং এলাকাটির ইজারার মেয়াদ ২১/০২/২০২০খ্রি. তারিখ হতে শুরু হয়ে আগামী ২০/০২/২০২১খ্রি. তারিখ শেষ হবে। ইজারাদার কর্তৃক দাখিলকৃত ইজারা দরের ২০% জামানতের পে-অর্ডারটি এবং ০২ (দুই) টি নথি নিম্নবর্ণিত তালিকা মোতাবেক এতদসঙ্গে সংযুক্ত করে প্রধান সম্পত্তি কর্মকর্তা বরাবরে প্রেরণ করা হলো।

ক্রমিক নং	কার পার্কিং নাম	নোটিশ পাতা	পত্রাংশ পাতা	জামানতের পে- অর্ডার এর বিবরণ	ইজারা মূল্যের ২০% (জামানত)	মন্তব্য / নথিসংখ্যা
০১.	নিউ মার্কেট কার পার্কিং	নথি-১ নোটিশ নাই	নথি-১ পত্রাংশ (১-২০১)	পে- অর্ডার নং-পিও ইউবিএল ৯৯১৭৬৬১, তারিখঃ ২৮/১২/২০১৯, উত্তরা ব্যাংক লিমিটেড, পিলখানা, ঢাকা।	ইজার মূল্য = ৯,৬২,০০০/- এর ২০% হিসেবে = ১,৯২,৪০০/- টাকা (এক লক্ষ বিরানব্বই হাজার চারশত মাত্র)	০২ (দুই) টি নথি  জামানতের পে-অর্ডারটি ইজারার মেয়াদান্তে ফেরত যোগ্য।

সংযুক্তিঃ ১। বর্ণনা মতে ০২ (দুই) টি নথি।  
২। পে-অর্ডার ০১ (এক) টি।

প্রধান সম্পত্তি কর্মকর্তা  
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

মো. মিজানুর রহমান  
উপসচিব  
আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা  
অঞ্চল-১  
ও  
আহ্বায়ক

নিউ মার্কেট কার পার্কিং ইজারা কমিটি  
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

সম্মুখিপত্রঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- প্রধান রজস্ব কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- জনাব....., সদস্য, নিউ মার্কেট কার পার্কিং ইজারা কমিটি, ডিএসসিসি।
- অফিস কপি।

আপনার শহর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখুন, সময়মত পৌরকর পরিশোধ করুন।

প্রাপ্তি আইসিটি সেল  
তারিখঃ ২/৮/২০২০